সমকাল

27 MAY 2017
8 ... 2

বরিশাল বিশ্ববিদ্যালয়

# এলাকাবাসীর সঙ্গে শিক্ষার্থীদের সংঘর্ষে আহত ১৫

■ বরিশাল ব্যুরো

বরিশাল বিশ্ববিদ্যালয়ের কিছু শিক্ষার্থীর সঙ্গে স্থানীয় যুবকদের তর্কবিতর্কের জের ধরে সংঘর্ষে বিশ্ববিদ্যালয়ের কমপক্ষে ১৫ শিক্ষার্থী আহত হয়েছেন। এ সময় শিক্ষার্থীরা ক্যাম্পাস-সংলগ্ন শহীদ আব্দুর রব সেতুর নিচে থাকা ১০-১২টি দোকান ভাংচুর করেন। আহত তিন শিক্ষার্থীকে বরিশাল শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। শুক্রবার রাত সাড়ে ৮টার দিকের এ ঘটনায় রাত ১০টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত শিক্ষার্থীরা স্থানীয় যুবকদের চালানো হামলার বিচার দাবিতে বিক্ষোভ করছিলেন। বিক্ষুব্ধ শিক্ষার্থীরা ঘণ্টাখানেক বরিশাল-পটুয়াখালী সড়ক অবরোধ করে রাখেন। এতে ক্যাম্পাস সংলগ্ন সড়কের দুই পাশে যানজটের সৃষ্টি হয়।

বিশ্ববিদ্যালয়ের একাধিক শিক্ষার্থী জানান, তৃতীয় ও দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী তপু ও সাফায়েত ওই সেতুর নিচের একটি দোকানে চা পান করছিলেন। এ সময় স্থানীয় কয়েক যুবক তাদের সঙ্গে দুর্ব্যবহার করে। এরপর ওই তিন শিক্ষার্থী ক্যাম্পাসে গিয়ে সহপাঠীদের নিয়ে আসেন। একপর্যায়ে দু'পক্ষের সংঘর্ষ বাধে। প্রত্যক্ষদর্শী সূত্র জানায়, স্থানীয় যুবক জয় ও তার সহযোগীরা দলে ভারি হওয়ায় প্রথমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা হামলার শিকার হন। এ খবর ক্যাম্পাসের দুটি হলে পৌঁছলে অর্ধশতাধিক শিক্ষার্থী ঘটনাস্থলে গিয়ে দোকানপাট ভাংচুর শুরু করলে জয় ও তার সহযোগীরা পালিয়ে যায়। স্থানীয় ব্যবসায়ীরা প্রতিরোধের চেষ্টা করেন। এ সময় ব্যবসায়ীদের সঙ্গে শিক্ষার্থীদের ধাওয়া-পাল্টা ধাওয়া ও ইটপাটকেল নিক্ষেপের ঘটনা ঘটে। এতে রিফাত, জিয়াদ মোর্শেদ, রিয়ন, রিফাতসহ ১৫ শিক্ষার্থী আহত হন। তাদের মধ্যে রিফাত, সিফাত ও জিয়াদ মোর্শেদকে বরিশাল শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। বন্দর থানার ওসি মোস্তফা কামাল সমকালকে বলেন, স্থানীয় কিছু যুবকের সঙ্গে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের ঝামেলা হয়েছে। তিনি বিস্তারিত পরে জানাবেন বলে ফোন কেটে দেন। ববি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মো. কাইয়ুম আহম্মেদ ফোনে বলেন, 'ক্যাম্পাসে সমস্যা হয়েছে, পরে কথা বলব।'